

ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

Corporate Office : 3/C, New Baily Road, Ramna, Dhaka. Ph : 9345942, PABX: 8312757, 8317328,
E-mail : dcaa.2009@gmail.com Website: www.dcaadhaka.org

প্রচার পত্র নং- ২৪/২০১৯

তারিখ : ২৭/১০/২০১৯ইং
ই-মেইল মারফৎ

সম্মানীয় সদস্য/সদস্যগণের প্রতি,

১৩ ডিজিট মূসক নিবন্ধন সংক্রান্ত জরুরী দৃষ্টি আকর্ষণ

সকল সম্মানিত সদস্য/সদস্যদের জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড এর নির্দেশনা অনুসারে সকল মূসক নিবন্ধনকৃত (৯ ডিজিট এবং ১১ ডিজিট নিবন্ধন ব্যবহারকারী) সি এন্ড এফ এজেন্টকে অনলাইনের মাধ্যমে পুনরায় ১৩ ডিজিট মূসক নিবন্ধন সংখ্যা গ্রহণ করতে হবে।


অনলাইনের মাধ্যমে ১৩ ডিজিট মূসক নিবন্ধন প্রক্রিয়া কিভাবে সম্পন্ন করতে হবে, তা “www.vat.gov.bd” ওয়েবসাইটে প্রদত্ত “**User Guide**” এ ছবি সহকারে বিস্তারিত উল্লেখ করা আছে। সম্মানিত সদস্য/সদস্যবৃন্দ নিজ অফিস থেকে অনলাইনে মূসক নিবন্ধনের আবেদন দাখিল করতে পারবেন। তবে এ ব্যাপারে সম্মানিত সদস্য/সদস্যদের প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অত্র এসোসিয়েশন উদ্যোগ গ্রহণ করেছে।

এসোসিয়েশনের মাধ্যমে অনলাইনে ১৩ ডিজিট মূসক নিবন্ধনে আগ্রহী সম্মানিত সদস্য/সদস্যদের এতদসঙ্গে সংযুক্ত আবেদন প্রতিষ্ঠানের লেটারহ্যাডে পূরণ করে আবেদনসহ নিম্নোক্ত দলিলাদির ফটোকপি আগামী ২৯/১০/২০১৯ইং তারিখ থেকে অত্র এসোসিয়েশনের এয়ারপোর্টস্থ এ্যাসাইকুডা ওয়ার্ল্ড (ডিটিআই) হেল্পডেস্ক এবং আইসিডি কমলাপুর ডিটিআই কক্ষে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

১. ৯ ডিজিট মূসক নিবন্ধন সনদ (যদি ইতোপূর্বে নিবন্ধন করা থাকে)
২. ১১ ডিজিট মূসক নিবন্ধন সনদ
৩. ব্যক্তি ই-টিআইএন (স্বত্বাধিকারী/পরিচালক-সকল/অংশীদার-সকল)
৪. প্রতিষ্ঠানের ই-টিআইএন (লিমিটেড/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে)
৫. জাতীয় পরিচয়পত্র (স্বত্বাধিকারী/পরিচালক-সকল/অংশীদার-সকল) (জাতীয় পরিচয়পত্র না থাকলে পাসপোর্ট কপি)
৬. ট্রেড লাইসেন্স
৭. ইনকর্পোরেশন সার্টিফিকেট (লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে)
৮. প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের তথ্য (ব্যাংক কর্তৃক প্রত্যয়নকৃত ব্যাংক সনদ বা এক মাসের ব্যাংক স্ট্যাটমেন্ট)

এসোসিয়েশন কর্তৃক সম্মানিত সদস্য/সদস্যদের পক্ষে অনলাইনে ১৩ ডিজিট মূসক নিবন্ধনের প্রথম ধাপ অর্থাৎ ‘Sign up’ সম্পন্ন করার পর ‘Username & Password’ সদস্য/সদস্যদের প্রদত্ত স্ব স্ব মোবাইল নম্বর ও ই-মেইলে জাতীয় রাজস্ব বোর্ড এর VAT Online System থেকে স্বয়ংক্রিয়ভাবে প্রেরণ করা হবে। অনলাইনে মূসক নিবন্ধনের দ্বিতীয় ধাপ অর্থাৎ মূসক নিবন্ধন ফরম পূরণ করার জন্য প্রাপ্ত ‘Username & Password’ এসোসিয়েশনকে অবহিত করতে হবে।

অনলাইনে মূসক নিবন্ধনের আবেদন দাখিল সম্পন্ন হওয়ার পর তা সংশ্লিষ্ট সদস্য/সদস্যদের ই-মেইল বা টেলিফোনের মাধ্যমে অবহিত করা হবে।


(মোঃ ফারুক আলম)
সাধারণ সম্পাদক

ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

Corporate Office : 3/C, New Baily Road, Ramna, Dhaka. Ph : 9345942, PABX: 8312757, 8317328,
E-mail : dcaa.2009@gmail.com Website: www.dcaadhaka.org

(প্রযোজ্য দলিলাদির ফটোকপিসহ প্রতিষ্ঠানের লেটারহ্যাডে নিম্নোক্তভাবে আবেদন করতে হবে)

বরাবর

সাধারণ সম্পাদক

ঢাকা কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

৩/সি, নিউ বেইলী রোড, রমনা, ঢাকা।

বিষয়ঃ এসোসিয়েশনের মাধ্যমে অনলাইনে মূসক পুনঃ নিবন্ধনের আবেদন দাখিল করা প্রসঙ্গে।

মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আমার/আমাদের প্রতিষ্ঠানের মূসক পুনঃ নিবন্ধনের আবেদন এসোসিয়েশনের মাধ্যমে অনলাইনে দাখিল করতে ইচ্ছুক। এ প্রেক্ষিতে মূসক নিবন্ধনের আবেদন আমার/আমাদের প্রতিষ্ঠানের পক্ষে অনলাইনে দাখিল করার জন্য অনুরোধ জানাচ্ছি।

1. NAME OF C&F AGENT:

2. OFFICE ADDRESS:

3. POLICE STATION:

4. POSTAL CODE:

5. MOBILE:

6. TELE:

7. E-MAIL:

7. LICENSCE NO :

8. INFORMATION ABOUT OWNER/DIRECTORS/PARTNERS :

FULL NAME	DESIGNATION	MOBILE	SHARE (%)

9. ANNUAL TURNOVER:

10. NUMBER OF EMPLOYEES:

ধন্যবাদান্তে,

স্বাক্ষর :

পূর্ণ নাম :

পদবী :

প্রতিষ্ঠানের সীল :

সংযুক্তি :

১. ৯ ডিজিট মূসক নিবন্ধন সনদ (যদি ইতোপূর্বে নিবন্ধন করা থাকে)
২. ১১ ডিজিট মূসক নিবন্ধন সনদ
৩. ব্যক্তি ই-টিআইএন (স্বত্বাধিকারী/পরিচালক-সকল/অংশীদার-সকল)
৪. প্রতিষ্ঠানের ই-টিআইএন (লিমিটেড/অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে)
৫. জাতীয় পরিচয়পত্র (স্বত্বাধিকারী/পরিচালক-সকল/অংশীদার-সকল) (জাতীয় পরিচয়পত্র না থাকলে পাসপোর্ট কপি)
৬. ট্রেড লাইসেন্স
৭. ইনকর্পোরেশন সার্টিফিকেট (লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে)
৮. প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের তথ্য (ব্যাংক কর্তৃক প্রত্যয়নকৃত ব্যাংক সনদ বা এক মাসের ব্যাংক স্ট্যাটমেন্ট)